

দিল্লিতে আপকে সমর্থন ঘোষণা তৃণমূলের, ‘মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ’ কেজরির



নয়াদিল্লি, ৮ জানুয়ারি : দিল্লি বিধানসভা নির্বাচনে অরবিন্দ কেজরিওয়াদের আম আদমি পার্টিতে সমর্থন করবে তৃণমূল কংগ্রেস। সূত্রের খবর, রাজধানীতে কোনও আসনে প্রার্থী দেবে না তৃণমূল। কেজরিওয়াদের দলের হয়ে প্রচার করবে রাজ্যের শাসকদল। নিঃশর্ত সমর্থনের জন্য তৃণমূলকে ধন্যবাদ জানিয়ে সোশাল মিডিয়ায় পোস্টও করেছেন কেজরিওয়াল। খুব শক্তিশালী না হলেও দিল্লিতে কমবেশি সংগঠন রয়েছে তৃণমূলের। ২০১৪ লোকসভা নির্বাচনে শেষবার বাংলার শাসকদল রাজধানীর ভোট ময়দানে নেমেছিল। সে বার বিশেষ সাফল্য না এলেও দিল্লির রাজনীতিতে পরিচিত অনেকেই পরে তৃণমূল কংগ্রেসে যোগ দেন। তাছাড়া দিল্লির বেশ কয়েকটি বিধানসভায় ভালো সংখ্যায় বাংলাভারীর বাস। ফলে বিধানসভা ভোটের তৃণমূলের সমর্থন নিঃসন্দেহে খানিকটা হলেও সুবিধা দেবে আপকে। এর আগে সমাজবাদী পার্টিও আপকে নিঃশর্ত সমর্থন করার কথা ঘোষণা করেছেন। এদিন তৃণমূলের সমর্থনের কথা ঘোষণা করে কেজরিওয়াল সোশাল মিডিয়ায় বলেন, তৃণমূল দিল্লিতে আপকে সমর্থনের সিদ্ধান্ত নিয়েছে। আমি ব্যক্তিগতভাবে মমতা দিদির প্রতি কৃতজ্ঞ। দিদি আপনাকে ধন্যবাদ। সময় ভালো হোক বা খারাপ, আপনি সবসময় আমাদের সমর্থন করেছেন। দিল্লিতে মমতার কেজরিওয়ালকে সমর্থন করা বেশ তাৎপর্যপূর্ণ। কারণ রাজধানীতে ইন্ডিয়া জোটের আর এক শরিক কংগ্রেসও ল আছে। তৃণমূল এবং সমাজবাদী পার্টি দুই দলই তাৎপর্যপূর্ণভাবে কংগ্রেসকে সমর্থন না করে ‘দল’ আপকে সমর্থনের সিদ্ধান্ত নিয়েছে। আসলে ইন্ডিয়া জোটের কংগ্রেস বেশ কিছুদিন ধরেই কোণঠাসা। বিশেষ করে হরিয়ানা এবং মহারাষ্ট্রের ভোটের ভরাডুবি পর কংগ্রেসকে শক্তিশালী আঞ্চলিক দলগুলি সেভাবে গুরুত্ব দিচ্ছে না। আপ আবার দিল্লি ভোটারের আগে কংগ্রেসকে ইন্ডিয়া জোট থেকে পুরোপুরি বের করে দেওয়ার পক্ষে সংয়াল করেছিল। দিল্লির ভোটে আপকে সমর্থন করে তৃণমূলও বুঝিয়ে দিল, ইন্ডিয়া জোটের আঞ্চলিক দলগুলিকেই বেশি গুরুত্ব দেবে তারা।

দুলাল খুনে মূলচক্রী নরেন্দ্রনাথ- স্বপন শর্মা, স্পষ্ট নয় মোটিভ



দুস্ত বার্তা, মানদহ, ৮ জানুয়ারি : মালদহের কাউন্সিলর খুনের পর কেটে গিয়েছে ৬ দিন। পুলিশের জালে ধরা পড়ছে মোট ৭ জন। তার মধ্যে রয়েছে দুই মূলচক্রী। তবে এখনও স্পষ্ট নয় খুনের কারণ। বুধবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা জানান এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতীম সরকার। গত ২ জানুয়ারি, মালদহের ইংরেজবাজার পুরসভার তৃণমূল কাউন্সিলর দুলাল ওরফে বাবলা সরকার খুন হন। ওইদিন সকালে নিজের কারখানায় যাচ্ছিলেন কাউন্সিলর। পাইপ লাইন মোড়ে তাঁর ব্যক্তিগত গাড়ি থেকে নামেন। অভিযোগ, সেই সময় বাইকে করে আসা চার দুষ্কৃতী কাউন্সিলরকে গাওয়া করে। গাড়ি থেকে নেমেই কাউন্সিলর তাঁর কারখানার উলটে দিকে একটি দোকানে দৌড়ে যান। বাটার চেষ্টা করেন। দুষ্কৃতীরাও ওই দোকানের ভিতরে ঢুকে যায়। কাউন্সিলরকে লক্ষ্য করে ৪ রাউন্ড গুলি চালায়। হাসপাতালে নিয়ে গেলে মৃত্যু হয় কাউন্সিলরের। এই ঘটনায় অত্যন্ত ক্ষুব্ধ হন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি জেলা পুলিশ সুপারকে ‘বলে কটাক্ষ করেন। তবে বুধবার এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতীম সরকার জানান, জেলা পুলিশ সুপারের নেতৃত্বে তদন্ত চলছে। একে একে ধরা পড়ছে অভিযুক্তরা। এখনও পর্যন্ত গ্রেপ্তার মোট ৭। এডিজি দক্ষিণবঙ্গ আরও জানান, বাবলা ওরফে দুলাল সরকার খুনে মূল অভিযুক্ত নরেন্দ্রনাথ তিওয়ারী। তিনি মানদহ টাউনে তৃণমূল সভাপতি তথা হিদি সেলের জেলা সভাপতি। অপর মূলচক্রী স্বপন শর্মা। ম্যারান জেয়ার পর দুজনকে গ্রেপ্তার করা হয়। স্বপন শর্মা কুখ্যাত দুষ্কৃতী। তার বিরুদ্ধে বোমাবাজি-সহ একাধিক অপরাধমূলক কাজে যুক্ত থাকার অভিযোগ রয়েছে। এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতীম সরকার আরও জানান, দুলালকে খুনে ৫০ লক্ষ টাকা সুপারি দেওয়া হয়। নরেন্দ্রনাথ ও স্বপন সুপারি দিয়েছিল। খুনের আগে বেশ কয়েকদিন রেহীক করে দুষ্কৃতীরা। তারপর খুন করা হয় কাউন্সিলরকে। তবে ৬ দিন কেটে গেলেও, কী কারণে খুন হলেন কাউন্সিলর তা স্পষ্ট নয়। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে এই সংক্রান্ত আরও তথ্যের খোঁজ চলছে বলেই জানানো হয়েছে।

পথ দুর্ঘটনায় দেড় লক্ষ পর্যন্ত নিখরচায় চিকিৎসা, ঘোষণা কেন্দ্রীয় সরকারের

নয়াদিল্লি, ৮ জানুয়ারি : পথ দুর্ঘটনায় আহতদের দেড় লক্ষ টাকা পর্যন্ত চিকিৎসার খরচ দেবে কেন্দ্রীয় সরকার। সম্প্রতি এমনই ঘোষণা করলেন কেন্দ্রীয় পরিবহনমন্ত্রী নীতীন গডকড়া। তিনি বলেন, গত বছর মার্চ মাসে পরীক্ষামূলকভাবে শুরু হয়েছিল প্রকল্পটি। এবার দেশজুড়ে তা চালু করা হচ্ছে। নয়া এই প্রকল্পের মাধ্যমে দেশের যে কোণেও রাস্তায় গাড়ি দুর্ঘটনায় আহতদের চিকিৎসার খরচ বহন করবে কেন্দ্রীয় সরকার। শুধু তাই নয়, পথ দুর্ঘটনায় মৃতদের পরিবারকে ২ লক্ষ টাকা করে আর্থিক সাহায্য করা হবে। প্রতিবছর সারা দেশে পথ দুর্ঘটনায় নিহত হন লক্ষাধিক মানুষ। আহতের সংখ্যাটা তার চেয়েও বেশি। গুরুতর এই পরিস্থিতিতে আহতদের পরিবারগুলির পাশে দাঁড়াতে এই উদ্যোগ সরকারের। জানা যাচ্ছে, দেড় লক্ষ টাকা পর্যন্ত এই কাশলেস চিকিৎসা দুর্ঘটনার পর প্রথম ৭ দিন পর্যন্ত পাওয়া যাবে। নাশনাল হেলথ অথরিটি, পুলিশ, হাসপাতাল ও রাজ্য স্বাস্থ্য বিভাগ মিলিতভাবে গোটা বিষয়টি দেখবে। অনলাইনের মাধ্যমে পথ দুর্ঘটনায় আহতরা চিকিৎসার সুবিধা নিতে আবেদন



করতে পারবেন অনলাইনের মাধ্যমে পরিবহন দপ্তরের পোর্টালে দুর্ঘটনার যাবতীয় রিপোর্ট পাঠাতে হবে আহতকে। এর পর তা খতিয়ে দেখে চিকিৎসা সংক্রান্ত সুবিধা দেওয়া হবে আহতকে। গত বছরের ১৫ মার্চ পরীক্ষামূলকভাবে চণ্ডীগড় এই প্রকল্প শুরু করে কেন্দ্রীয় সরকার। পরে দেশের আরও ৬ রাজ্যে তা চালু করা হয়। এই প্রকল্পের মূল লক্ষ্য হল আহত ব্যক্তির চিকিৎসার পথে অর্থ যাতে বাধা না হয়ে দাঁড়ায়। এবং দ্রুত যাতে চিকিৎসা প্রক্রিয়া শুরু করা যায়। সম্প্রতি এই বিষয়ে সংবাদমাধ্যমের মুখোমুখি হন কেন্দ্রীয় মন্ত্রী নীতীন গডকড়া। সেখানে এই প্রকল্প নিয়ে বিশদে জানানোর পাশাপাশি পথ নিরাপত্তার বিষয়ে জনগণকে সতর্ক হওয়ার আবেদন জানান। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ২০২৪ সালে পথ দুর্ঘটনায় ১.৮০ লক্ষ মানুষের মৃত্যু হয়েছে। যার মধ্যে ৩০ হাজার মানুষের মৃত্যু হয়েছে হেলমেট না পাওয়ার জন্য। দ্বিতীয় সবচেয়ে উদ্বেগের বিষয় হল, দুর্ঘটনার কয়েক পড়া ৬৬ শতাংশের বয়স ১৮ থেকে ৩৪ বছরের মধ্যে।

সন্তোষজয়ী ফুটবলারদের দিলেন সরকারি চাকরির নিয়োগপত্র

মুখ্যমন্ত্রীর মঞ্চে ছেলেবেলার গানে মাতলেন জুন-ব্রাত্য-ইন্দ্রনীলরা

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ জানুয়ারি : মঞ্চে বসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রয়েছেন প্রশাসনের তাবড় কর্তারা। তাদের সামনেই গান ধরলেন অভিনেতা-সাংসদ দেব। শোনালেন ‘ও মধু ও মধু আই লাভ আউ, আই লাভ আউ।’ তবে গান ধরার আগে জডোসডোভাবে জানালেন, সিএমের সামনে সত্যি সব গুলিয়ে যায়। তবে একা দেব নন, গানের সুরে নট্টালজিয়ার ডুব দেন ব্রাত্য বসু, ইন্দ্রনীল সেন থেকে জুন মালিয়া, সায়াস্তিকারা সহ আরও অনেকে।



যায়। কিন্তু তাতেও ছাড়তে চাননি মুখ্যমন্ত্রী। তখন দেব বলেন, একটা গান আমার মাথায় এসেছে, কিন্তু এটা গাইলে এখন থেকেই ট্রোল হতে শুরু করব! এ প্রসঙ্গে বলতে দিয়ে ২০১১ সালের শহিদ দিবসের মঞ্চে ‘পাগলু ডান্ড’ প্রসঙ্গও টেনে আনেন। বলেন, ২০১১ সালে শহিদ দিবসের অনুষ্ঠানে পাগলু ডান্ড গানটার হয়েছিল। এনিয় ট্রোল হয়েছে। আসলে লক্ষ লক্ষ দর্শক গানটা গেয়ে উঠেছিল। এদিন ইন্দ্রনীল সেন তাঁকে ‘কে তুমি নন্দিনী’ গানটি গাইতে অনুরোধ করেন। দুই লাইন সে গান গেয়ে তারপরই ‘ও মধু’ গানটা ধরেন দেব। আর তাতেই উদ্দামদাই মেতে ওঠে অভিনেত্রীরা। বুধবার ধনধান্য অভিনেত্রীরা মুখোমুখি

সমারোহে সন্তোষ কাপ জয়ী বঙ্গ ফুটবলারদের হাতে নিয়োগপত্র তুলে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী কথা দিয়েছিলেন তাঁদের সরকারি চাকরি দেওয়া হবে। সেই অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া শুরুও হয়ে যায়। শনিবারই আইএফএ দফতরে সরকারি কাগজপত্রে এই করেন ফুটবলাররা। স্বয়ং মুখ্যমন্ত্রী বাংলার ফুটবলারদের হাতে নিয়োগপত্র তুলে দিলেন। ধনধান্য অভিনেত্রীরা সন্তোষজয়ী ফুটবলারদের স্বপ্ন বাস্তবে পরিণত হল। কোচ সঞ্জয় সেনের সঙ্গে উপস্থিত ছিলেন প্রায় সব ফুটবলার। অধিনায়ক চাকু মাভি, সৌভ সামন্ত, আদিত্য পাত্রা পাশে উপস্থিত ছিলেন দেব, জুন মালিয়ারা। ফুটবলাররা পুলি

শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী সাব-ইন্সপেক্টর ও কনস্টেবলের পদে চাকরি দেওয়া হচ্ছে। সঞ্জয় সেনের কোচিংয়ে দীর্ঘদিন পর সন্তোষ ট্রফি জিতেছে বাংলা। তারপরই মুখ্যমন্ত্রী শুভেচ্ছা জানিয়ে এক হ্যান্ডশেল লিখেছিলেন, ‘রবি হাঁসদার দূরত্বে গেলো জয় নিশ্চিত হল, যিনি টুর্নামেন্টে সর্বাধিক ১৩টি গোল করে গোল্ডেন বুট পেয়েছেন। কোচ সঞ্জয় সেনকে আন্তরিক অভিনন্দন।’ পরে তাঁদের সঙ্গে নবান্নে দেখাও করেন মমতা বন্দ্যোপাধ্যায়। ৫০ লক্ষ টাকা আর্থিক পুরস্কারও ঘোষণা করেন। ক্রীড়া মন্ত্রী অরুণ বিশ্বাসকে নির্দেশ দিয়েছিলেন সবার সরকারি চাকরির ব্যবস্থা করার জন্য।

দেশজুড়ে ট্রাক্টর র্যালি, সাধারণতন্ত্র দিবসে বড়সড় বিক্ষোভ কর্মসূচি কৃষকদের

নয়াদিল্লি, ৮ জানুয়ারি : পাঁচ দফা দাবিতে ফের পথে নামছেন কৃষকরা। আবারও সাধারণতন্ত্র দিবসে রাজধানী দিল্লির জনজীবন বিপর্যস্ত হওয়ার আশঙ্কা। আগামী একমাসে দেশজুড়ে একাধিক কর্মসূচি ঘোষণা করেছেন কৃষকরা। কৃষকদের যৌথিত কর্মসূচি অনুযায়ী, আগামী ১৩ জানুয়ারি দেশের গ্রামে গ্রামে নতুন কৃষি নীতির খসড়া পোড়ানো কৃষকরা। দেশজুড়ে মোদি সরকারের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করা হবে। ২৬ জানুয়ারি অর্থা সাধারণতন্ত্র দিবসে দেশজুড়ে ট্রাক্টর মিছিলের কর্মসূচি ঘোষণা করেছে কৃষকদের সংগঠন সংযুক্ত কিষান মোর্চা (অসহযোগিতা)। ওইদিন ফের পাঞ্জাব ও হরিয়ানার কৃষকরা রাজধানী দিল্লিতে প্রবেশ করতে পারেন। কেন্দ্রের নরেন্দ্র মোদি সরকারকে যদি এ পর্যন্ত কোনও গণঅদোলন বিব্রত করে থাকে, সেটা কৃষক বিক্ষোভ। ২০২১ সালে কৃষকদের আন্দোলনের জেরে কৃষি



আইন প্রত্যাহারও করতে হয় কেন্দ্রকে। কিন্তু তারপরও সমস্যা মোটানো যায়নি। এখনও পাঞ্জাব-হরিয়ানার বিস্তীর্ণ অঞ্চলে কেন্দ্রবিরোধী বিক্ষোভে কৃষকরা। কৃষক নেতা জগজিৎ সিং দাল্লোওয়াল এখনও অনশনে। এখনও এমএসপিআই নীতি-সহ মোট পাঁচটি দাবিতে আন্দোলন করছেন

কৃষকরা। দীর্ঘদিন ধরে পাঞ্জাবে অনশনে কৃষক নেতা দাল্লোওয়াল। এমনকী সুপ্রিম কোর্টও কৃষকদের বিক্ষোভ নিয়ে কেন্দ্রকে বিধেছে। শীর্ষ আদালত একপ্রকার বলে দিয়েছে, কৃষক আন্দোলন দমন করার কোনও সদিচ্ছাই সরকারের নেই। এই পরিস্থিতিতে সরকারের যুগ ভাঙতে ফের পথে নামছেন কৃষকরা।

শিশমহল’ বিতর্কে উত্তপ্ত দিল্লি

নয়াদিল্লি, ৮ জানুয়ারি : ভোট ঘোষণা হতেই দিল্লির মুখ্যমন্ত্রীর বাসভবন নিয়ে ফের সরগরম রাজধানীর রাজনীতি। বুধবার সাতসকালেই পাল্টা চালে বিজেপিকে কাত করল আম আদমি পার্টি। মুখ্যমন্ত্রীর বিলাসবহুল বাসভবন নিয়ে গেরুয়া শিবিরের পালাটা হিসাবে এদিন সাংবাদিকদের নিয়ে বাসভবনের গেটের সামনে হাজির হন আপ সাংসদ সঞ্জয় সিং ও আপ মন্ত্রিসভার সদস্য সৌরভ ভরদ্বাজ। কিন্তু বাসভবনের গেটেই তাঁদের আটকে দেয় অমিত শাহর পুলিশ। উপরাজ্যপালের অনুমতি ছাড়া মুখ্যমন্ত্রীর বাসভবনে প্রবেশ করা যাবে না বলে জানায় পুলিশ। বাধা পেয়ে আপ সাংসদের অভিযোগ, দিল্লির মানুষকে ভুল বোঝাতে বাসভবনটি নিয়ে মিথ্যা প্রচার করছে বিজেপি। তাই দিল্লি-সহ দেশের মানুষের কাছে মিথ্যা প্রচার করতেই সংবাদমাধ্যমকে নিয়ে তাঁরা এসেছিলেন।

মনমোহনের মৃত্যুর পরই ভিয়েতনাম ভ্রমণে রাহুল!

নয়াদিল্লি, ৮ জানুয়ারি : এবার পুরোপুরি কংগ্রেসের বিরোধিতায় নেমে পড়লেন প্রণব মুখোপাধ্যায়ের কন্যা শর্মিষ্ঠা মুখোপাধ্যায়। তিনি প্রশ্ন তুললেন, মনমোহন সিংয়ের প্রয়াণের মাত্র কয়েকদিন পর রাহুল গান্ধী বিদেশ ভ্রমণে চলে গেলেন কেন? তাঁর খোঁচা, আর ক’টাদিন অপেক্ষা করলে কি ক্ষতি হতো। মনমোহন সিংয়ের প্রয়াণের পর তাঁকে নিয়ে বিস্তারিত রাজনীতির টানা পড়েন হয়েছে। কংগ্রেস অভিযোগ করেছিল, মনমোহনের সমাধি এবং স্মৃতিসৌধ নিয়ে কেন্দ্রের অবস্থান অপমানজনক। নিগমবোধ ঘাটে তাঁর শেষকৃত্য সম্পন্ন করে অপমান করা হয়েছে প্রাক্তন প্রধানমন্ত্রীকে। শর্মিষ্ঠা মুখোপাধ্যায় এবার কংগ্রেসকেই পাষ্টা প্রশ্ন করলেন। প্রণবক্যার প্রশ্ন, মনমোহন সিংয়ের প্রয়াণের মাত্র কয়েক দিন পরই রাহুল গান্ধীর ভিয়েতনাম যাওয়ার খুব কি প্রয়োজন ছিল?



আসলে নতুন বছরে বিরোধী দলনেতা রাহুল গান্ধীর ভিয়েতনাম সফর পূর্ব নির্ধারিত ছিল। কিন্তু ২৬ ডিসেম্বর আকস্মিকভাবে প্রয়াত হন মনমোহন। ২৮ ডিসেম্বর তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। কিন্তু রাহুল গান্ধী নিজের ভিয়েতনাম সফর বাতিল করেননি। রাষ্ট্রীয় শোক শেষ হওয়ার আগেই বিদেশে উড়ে যান কংগ্রেস নেতা। শর্মিষ্ঠা মুখোপাধ্যায় বলে গেলেন, একজন সাধারণ নাগরিক হিসাবে এই প্রশ্নটা করতে আমি বাধ্য হচ্ছি। একজন প্রাক্তন প্রধানমন্ত্রী মারা গিয়েছেন। দেশে শোকপ্রকাশ করছে। সেই প্রাক্তন প্রধানমন্ত্রী আবার আপনার দলেরই এত বড় নেতা। ঠিক সেসময় নতুন বছর উদযাপনের জন্য বিদেশে যাওয়ার কি খুব প্রয়োজন ছিল? আর ক’টা দিন অপেক্ষা করলে কি আকাশ ভেঙে পড়ত নাকি। শর্মিষ্ঠার দাবি, মনমোহনের অস্তিত্বময় সংগ্রহের সময়ও কোনও কংগ্রেস নেতা ছিলেন না। কি কারণে তারা ছিলেন না তা নিয়েও তিনি প্রশ্ন তোলেন।

মহম্মদ হাসান-রাজনাথ বৈঠক, দ্বিপাক্ষিক সহযোগিতা নিয়ে আলোচনা

নয়াদিল্লি, ৮ জানুয়ারি : প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বুধবার দিল্লিতে মালদ্বীপের প্রতিরক্ষামন্ত্রী মহম্মদ হাসান মাদুমুরের সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। উভয় নেতা প্রশিক্ষণ, নিয়মিত সামরিক মহড়া ও প্রতিরক্ষা প্রকল্প সহ বিভিন্ন দ্বিপাক্ষিক সহযোগিতার দিক খতিয়ে দেখেন।



তিন দিনের ভারত সফরে এসেছেন মালদ্বীপের প্রতিরক্ষামন্ত্রী। এই সফরে তিনি গোয়া ও মুম্বই সফর করবেন। ভারত এবং মালদ্বীপের মধ্যে আধ্যাত্মিক, ঐতিহাসিক, ভাষাগত এবং জাতিগত সম্পর্ক রয়েছে। মালদ্বীপ ভারতের ‘নেবারহুড ফার্স্ট’ নীতিতে একটি বিশেষ স্থান দখল করে, যার লক্ষ্য ভারত মহাসাগর অঞ্চলে স্থিতিশীলতা এবং সমৃদ্ধি আনা।

সন্দেশখালির ‘তরুণী’র বাড়িতে পুলিশি প্রহরার নির্দেশ হাই কোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ জানুয়ারি : সন্দেশখালিতে তৃণমূল নেতা ও তাঁর দলবলের বিরুদ্ধে গণধর্মের অভিযোগ আনা তরুণীর বাড়িতে সর্বশ্রমের পুলিশি নিরাপত্তা দেওয়ার নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট। ওই মামলার তদন্ত কর্তা এগোল তাঁর রিপোর্ট আগামী সোমবার পুলিশকে আদালতে জমা দিতে হবে। বুধবার ওই মামলার শুনানিতে বিচারপতির নির্দেশ, নির্ধারিতার বাড়িতে ২৪ ঘণ্টার পুলিশ নিরাপত্তা দিতে হবে। রাজ্যের আইনজীবীর তরফে জানানো হয়েছে, ঘটনায় তদন্ত অনেকটা এগিয়েছে। চার্জশিট দেওয়ার প্রক্রিয়াও শুরু হয়েছে। আগামী সোমবার ওই মামলার পরবর্তী শুনানি রয়েছে। হাই কোর্টে ওই তরুণী জানান, অভিযুক্তেরা তাঁকে মামলা তুলে নেওয়ার জন্য হুমকি দিচ্ছেন, অথচ পুলিশ কোনও পদক্ষেপ করছে না। এর পরেই পুলিশের থেকে রিপোর্ট চেয়েছে আদালত। সঙ্গে তরুণীর নিরাপত্তা সুনিশ্চিত করতে তাঁর বাড়ির বাইরে পুলিশ প্রহরার নির্দেশ দিয়েছেন বিচারপতি। প্রসঙ্গত, ২০২৪ সালের গোড়ায় সন্দেশখালিকাণ্ডে নিয়ে তোলপাড় হয়েছিল রাজ্য। এলাকার ‘তৃণমূল নেতা’ শেখ শাহজাহানের বিরুদ্ধে রেশন দুর্নীতির তদন্তে এসে আক্রান্ত হন ইটি আধিকারিক ও আধাসৈন্য জওয়ান। তার পর আন্দোলনে নামেন ধীপ এলাকার বহু মানুষ। এলাকার অনেক কৃষিজমি জোর করে দখল করে মাছের ডেঁড়ি বানানোর অভিযোগে ওঠে শাহজাহান এবং তাঁর সঙ্গীদের বিরুদ্ধে। একই সঙ্গে তাঁর একাধিক শাগরেদের বিরুদ্ধে স্থানীয় মহিলাদের উপরে নির্যাতনের অভিযোগও সামনে আসে। এর কিছু দিন পরেই রাজ্য পুলিশের হাতে গ্রেফতার হন শাহজাহান ও তাঁর সঙ্গোপাঙ্গরা।

ভেসে গেল মক্কা! ভয়াবহ বর্ষণে বন্যা মদিনাতেও

মোদিনা, ৮ জানুয়ারি : সৌদি আরব বললেই মনে পড়ে মক্কা-মদিনা ও মরুভূমির কথা। কিন্তু উষ্ণায়নের ধাক্কায় পৃথিবীর এতকালের চেনা চোখরাটাই বিপর্য। এখন সেখানেই প্রবল বর্ষণের চোখরাঙানি। মক্কা ও মদিনার অধিকাংশ অঞ্চলেই সৃষ্টি হয়েছে ভয়াবহ বন্যা। জেড্ডা শহরের পরিষ্কৃত ও অত্যন্ত উত্তেজকনক। বৃষ্টির সঙ্গে মুহূর্তই পড়ছে বাজ। বুধবার সকালেও বৃষ্টির খবর মিলেছে। সৌশাল মিডিয়া ছড়িয়ে পড়েছে বৃষ্টি-বিপর্যয়ের নানা ভিডিও। গত কয়েক বছরে সৌদি আরবের আবহাওয়ার পরিষ্কৃতি অনেকটাই বদলে গিয়েছে। প্রতি বছর বহু মুসলিম হজ ও উমরাহর সময়ে এখানে আসেন। কিন্তু এবার ভয়ংকর বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত। বহু শহরই জলের তলায়। হাওয়া অফিসের পূর্বাভাস, আপাতত আবহাওয়া এরকমই প্রতিকূল থাকবে। পরিস্থিতি মোকাবিলায় বন্ধ স্কুল-কলেজ। বহু অঞ্চলে যাতায়াত নিষিদ্ধ করে দেওয়া হয়েছে। প্রশাসনের তরফে জারি করা হয়েছে সতর্কতা। সকলকে ঘরে থাকতে বলা হয়েছে। এবং অপ্রয়োজনীয় ভ্রমণ এড়ানোর পরামর্শও দেওয়া হয়েছে। সেই সঙ্গে ভয় ধরাচ্ছে বৃষ্টি না থামা। জারি লাল সতর্কতা। আগামী কয়েকদিন বৃষ্টি চললে কী পরিস্থিতি দাঁড়াবে তা ভেবে উদ্বিগ্ন প্রশাসন। নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সমস্ত মানুষকে শান্ত ও সতর্ক থাকতে বলা হচ্ছে। আর্জি জানানো হচ্ছে সরকারি নির্দেশ মেনে চলতে।



এক দেশ, এক নির্বাচন সংক্রান্ত জেপিসি-র প্রথম বৈঠক শুরু, কমিটিতে ৩৯ জন সদস্য



নয়াদিল্লি, ৮ জানুয়ারি :এক দেশ, এক নির্বাচন সংক্রান্ত সংসদীয় যৌথ কমিটির প্রথম বৈঠক বুধবার নতুন দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। ৩৯ সদস্যের কমিটিতে লোকসভার ২৭ এবং রাজ্যসভার ১২ জন সদস্য রয়েছেন। এই কমিটি পরবর্তী সংসদীয় অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিনে তাদের রিপোর্ট জমা দেবে। কমিটিতে অন্যান্যদের মধ্যে বিজেপির পি পি চৌধুরী, অনুরাগ সিং ঠাকুর এবং পুরস্চোত্তমভাই রূপালা, কংগ্রেস নেত্রী প্রিয়ান্কা গান্ধী, মনীশ তিওয়ারি, তৃণমূল কংগ্রেসের কল্যাণ ব্যানার্জী, এনসিপি শরদ পাওয়ার গোস্বাীর সূপ্রিয়া সুলে জেডিইউ-র সঞ্জয় কুমার বাা এই সংসদীয় যৌথ কমিটিতে রয়েছেন।

মুম্বইয়ের সাইন হাসপাতালের কাছে আবাসনে আগুন, দমকলের চেষ্টায় এল আয়ত্তে

মুম্বই, ৮ জানুয়ারি : মুম্বইয়ের সাইন হাসপাতালের কাছে আগুন লাগল একটি বহুতল আবাসনে। যদিও, আগুন ড়াবাবহ রূপ নেওয়ার আগেই দমকল কর্মীদের চেষ্টায় আয়ত্তে এসেছে। বুধবার সকালে সাইন হাসপাতালের কাছেই একটি বহুতল আবাসনে আগুন লাগে। ভিতর থেকে কালো ধোঁয়া বেরোতে থাকে।খবর পাওয়ার কিছুক্ষণের মধ্যেই আগুন নেভাতে পৌঁছে যায় দমকলের বেশ কয়েকটি ইঞ্জিন। দমকল অফিসার সি আর পণ্ড্যার বলেছেন, শর্টসার্কিটের কারণে আগুন লেগেছিল, যা নিয়ন্ত্রণে এসেছে। হতহতের বিষয়ে আমাদের কাছে কোনও খবর নেই। তন্তুত করে থাকা হচ্ছে।

সাফল্য পুলিশের, গ্রেফতার আন্তর্জাতিক মানব পাচার চক্রের দুই দালাল

রানাঘাট, ৮ জানুয়ারি : ফের সীমান্ত লাগোয়া এলাকা থেকে গ্রেফতার করা হল আন্তর্জাতিক মানব পাচার চক্রের দুই দালালকে। মঙ্গলবার রাতে ধানতলা থানার বিশেষ অভিযানে গ্রেফতার করা হয় ইনামুল মণ্ডল এবং দীপকর বিশ্বাস নামে দুই যুবককে। দীপকরের বাড়ি বরগুনিয়াে এলাকার এবং ইনামুল শ্রীরামপুর গ্রামের বাসিন্দা। তাঁরা বাংলাদেশ থেকে ভারতে বেআইনি অনুপ্রবেশে সহায়তা করত বলে অভিযোগ। তাছাড়া মোটা টাকার বিনিময়ে চলত বেআইনি পথে মানবপাচারের কারবার। বুধবার ধৃতদের রানাঘাট মহকুমা আদালতে হাজির করানো হবে।

ঝাড়খণ্ডে পড়ুয়াদের অটোয় ধাক্কা টাকের, ৩ শিশু-সহ চালকের মৃত্যু



রামগড়, ৮ জানুয়ারি : ঝাড়খণ্ডের রামগড় জেলার মঠবার্তার গ্রামে ড়াবাবহ দুর্ঘটনা। বুধবার সকালে ফুল পুয়া বোঝাই একটি অটোর সঙ্গে সংঘর্ষ হয় একটি ট্রাকে। ঘটনাস্থলেই অটোতে থাকা ৩ শিশু স্কুলছাত্র ও চালকের মৃত্যু হাজানো গেছে, এই দুর্ঘটনার অটোয় থাকা স্কুলের অন্যান্য শিশু পড়ুয়ারাও আহত হয়েছে। তাদের দ্রুত হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন তারা। এক পুলিশ আধিকারিক জানান, পুলিশ ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ শুরু করে। আহত শিশুদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়। পড়ুয়াদের পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

নর্থ ব্লকে নির্মলার সঙ্গে সাক্ষাৎ শিবরাজের, বাজেট নিয়ে জমা দিলেন সুপারামর্শ

নয়াদিল্লি, ৮ জানুয়ারিঃ বুধবার দিল্লির নর্থ ব্লকে গিয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের সঙ্গে সাক্ষাৎ করেছেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান। নর্থ ব্লকে নির্মলা সীতারমনের সঙ্গে দেখা করে বাজেট সংক্রান্ত সুপারামর্শ জমা



দিয়েছেন শিবরাজ।পরে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান

বলেছেন, কৃষি মন্ত্রক, গ্রামীণ উন্নয়ন মন্ত্রক, আইসিএআর এবং ভূমি সম্পদ আসন্ন বাজেট নিয়ে অর্থমন্ত্রীর সঙ্গে একটি বৈঠক হয়েছে। কৃষক, প্রক্রিয়াকরণ শিল্পের সঙ্গে জড়িত এবং অন্যান্য সকল অংশীদারদের সঙ্গে আমাদের

জনগণও চায় দিল্লিতে বিজেপির জয় হোক, আশাবাদী বীজেন্দর গুপ্তা

নয়াদিল্লি, ৮ জানুয়ারি :আম আদমি পার্টি'কে একাধিক ইস্যুতে আক্রমণ দিল্লির বিরোধী দলনেতা তথা রোহিণী বিধানসভা আসনের বিজেপি প্রার্থী বীজেন্দর গুপ্তা। তাঁর মতে, জনগণও চায় দিল্লিতে বিজেপির জয় হোক। বুধবার সকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বীজেন্দর গুপ্তা বলেছেন, গত ১০



বছরে জাতীয় রাজধানীর অবস্থা যেভাবে খারাপ হয়েছে তা

উদ্বেগজনক। বর্ষায় জল জমে যাওয়া ও মৃত্যু এবং শীতকালে ধোঁয়াশা ও দূষণের কারণে মানুষ ঘরের ভিতরে থাকতে বাধ্য হয়। দিল্লির প্রতিটি ঋতু মানুষের জন্য সমস্যা নিয়ে আসে। গরমে জলের সমস্যা হয়।বীজেন্দর গুপ্তা আরও বলেছেন, জনতা চায় দিল্লিতে বিজেপি জিতুক যাতে উন্নয়ন

হয়। রোহিণী বিধানসভার বার্ষিক বাজেট ১০০০ কোটি টাকা। হওয়া সত্ত্বেও গত ১০ বছরে একটি পয়সাও দেওয়া হয়নি। এত কিছুর পরেও, আমরা রোহিণীর জন্য অনেক কাজ করছি। যতটা না তাদের বিধায়করা তাদের নির্বাচনী এলাকার জন্য কাজ করেছেন।

নারায়ণান, ইসরোর গৌরবকে এগিয়ে নিয়ে যাওয়ার বার্তা নয়া প্রধানের



পাওয়ার পর ডি নারায়ণান বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অনেক বড় দায়িত্ব দিয়েছেন। ইসরোর গৌরবকে এগিয়ে নিয়ে যাওয়ার বার্তা দিয়েছেন

তিনি। বলেছেন, ১৯৬৯ সাল থেকে ইসরো দেশের প্রতিটি ক্ষেত্রে উল্লেখযোগ্যভাবে অবদান রেখেছে এবং মহান নেতৃত্বের মধ্যে রয়েছেন

যেমন স্যার বিক্রম সারাভাই, কে কপ্তুরিংগান, কে রাধাকৃষ্ণন, এ.এস. কিরণ কুমার, কে. সিভান, এস. সোমনাথ। আমি নিশ্চিত ইসরো-এ যে ধরনের কর্মসিদ্ধি, টেকনোলজি এবং ম্যানেজমেন্ট স্টাফ পাওয়া যায়, আমরা স্বাধীনতার ১০০ বছর উদ্‌যাপনের আগে প্রধানমন্ত্রীর দাবি অনুযায়ী এটি'কে একটি বিকশিত দেশ হিসেবে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হব। আজ আমরা স্প্যাডেক্স করতে যাচ্ছি , যা চন্দ্রযান ৪ এবং স্পেস স্টেশন বিল্ডিংয়ের মতো ভবিষ্যতের মিশনের জন্য একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা, তারপর আমরা জি ১ রকেট তৈরি করছি।

ত্রিপুরা-বাংলাদেশ সীমান্তে বাংলাদেশের দুষ্কৃতীদের হাতে আক্রান্ত বিএসএফ

বিশেষ প্রতিবেদন,৮জানুয়ারিঃএবার মনে হয় ইউনুস সরকার সমস্ত সীমা অতিক্রম করে যাচ্ছে। তা নাহলে বাংলাদেশের চোরাা চালানকারীদের এতো সাহস কি করে হয় যে তারা পাথর লাঠি নিয়ে BSFকে আক্রমন করে!! BSF সূত্রে খবর, ত্রিপুরার কাপালীশহর মাঙগোলি পঞ্চায়েত এলাকায় পানিসাগরের ৪৭ নম্বর

পিলারের কাছে আক্রান্ত ভারতীয় জওয়ানরা। সম্প্রতি বাংলাদেশি পাচারকারীরা ওই সীমান্তে সমস্যা তৈরির চেষ্টা করছিল। এরপর মঙ্গলবার বিএসএফ জওয়ানরা অনুপ্রবেশকারীদের পিএমজি বন্দুক নিয়ে তাড়া করেন। তখনই একদল বাংলাদেশি দুষ্কৃতী বাঁশ-লাঠি নিয়ে বেধড়ক মারধর শুরু করে দুই

জওয়ানকে। পরে, বিজিবি জওয়ানদের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়। কিন্তু প্রকাশ্য দিবালোকে ক্যামেরার সামনে এতো সাহস তাদের কে দিলো? প্রশ্ন উঠেছে ইউনুস সরকার কি ভারতের পায়ে পা দিয়ে যুদ্ধ বাঁধানোর চেষ্টা করছে? উল্লেখ্য, পাচার রুপতে সদা তপর বিএসএফ। পাচারকারীদের হাত

থেকে কখনও সেনা কখনও বা রূপো উদ্ধার করেছে তারা। তারপর বাংলাদেশ পরিস্থিতি উত্তপ্ত হওয়ার মধ্যেই আরও সতর্ক বিএসএফ জওয়ানরা। তবে অনুপ্রবেশকারীদের হাতে এভাবে আক্রান্ত হওয়ার ঘটনায় কার্যত চাপানউতোর সৃষ্টি হয়েছে। ভারতের পক্ষ থেকে কড়া প্রতিক্রিয়া জানানো হয়েছে।

গোটা সিকিম জুড়ে শুরু হল ব্যাপকতুষারপাত



সিকিম,৮জানুয়ারিঃআজ সকাল থেকেই গোটা সিকিম জুড়ে শুরু হল ব্যাপকতুষারপাত। বিশেষ করে উত্তর সিকিমে গোটা শহর জুড়ে শুরু হয়েছে ব্যাপক তুষারপাত। বিশেষ করে লাতেন শহরের চারিদিকে ঘিরে রয়েছে বড় বরফ। গোটা সিকিম জুড়ে একই অবস্থা। ঠান্ডায় সিকিমে'র তাপমাত্রা প্রতিদিনই কমে চলেছে। আগামী কয়েকদিন তাপমাত্রা আরো নিচে

নেমে যাবে বলে খবর পাওয়া গেছে। তবে ঠান্ডায় পর্যটক প্রায় তিনগুণ বেড়ে গেছে। সিকিম এ। ঠান্ডায় বাড়বে পর্যটক, এই আশায় হোটেল ব্যবসায়ীরা আরো ঘর খুলে দিয়েছেন। উত্তর সিকিমের বিভিন্ন এলাকা জুড়ে বরফ পড়তে ঘটনার পর ঘট্টা জুড়ে। তার সাথে সাথে ঠান্ডা এবং অন্ধকার। লালচেন শহরের গাড়ি চলাচল আপাতত আপাতত বন্ধ। চলছে না ছোট গাড়ি ও। পর্যটকদের সন্ধ্যার পর ঘরের থেকে বাহিরে বের হতে নিষেধ করেছেন সিকিম সরকার। ঠান্ডায় তাপমাত্রা অনেকটাই নেমে যাওয়ায় ঠান্ডায় অনেকেই বাহিরে বের হতে সাহস করছেন না। তবে সিকিমের তুষার পাতে পর্যটক আরো আকৃষ্ট হবে বলে মনে করছে পর্যটন বিশেষজ্ঞরা।



প্রসেনজিৎ দেবনাথ,পূর্বস্থলীঃঝোপ জঙ্গলে ভরে গেছে সরকারি জায়গা। পরে গেষ্ঠে সরকারি খোলার আবেদন নিয়ে প্রশাসনের দ্বারস্থ হয়েছিল। মিলেছিল প্রতিশ্রুতি, আজ পর্যন্ত এই সমবায় গুলি খোলা হয়নি। পড়ে পড়ে নষ্ট হচ্ছে সরকারি জাগাণ, নষ্ট হচ্ছে সম্পত্তি। তাঁতিদের বক্তব্য সমবায় গুলি খোলা হলে বহু মানুষের কর্মসংস্থান হবে।ক্ষুদ্র কৃতির শিল্প মন্ত্রী ছিলেন স্বপ্ন দেবনাথ,তিনি জানান,বাম আমলের এই সমবায় গুলি।আর্থিক ঋনে জড়িয়ে বন্ধ।এই সমবায় গুলি খোলার চিন্তা ভাবনা লেছে।পূর্বস্থলী উত্তরের প্রাক্তন বাম বিধায়ক প্রদীপ সাহা মৌখিক জানান,সমবায় গুলি খোলার কোন উদ্যোগ নেয়নি বর্তমান শাসক দল।তারা টাকা আর নিজেদের দলাদলিতে ব্যস্ত।তাই মদের আসর বাসা স্বাভাবিক।এই প্রসঙ্গে বিজেপি নেতা জানান,বাম আমলে এই সমবায় দুর্নীতি হয়েচে।যারা অস কাজের সঙ্গে যুক্ত ছিল তারা আজ দল বদল করে শাসক দলের সঙ্গে যুক্ত হয়েছে।

খো খো বিশ্বকাপ ২০২৫ঃদিল্লির ইন্দিরা গান্ধী স্টেডিয়ামে ১৬ জানুয়ারি থেকে শুরু

নয়াদিল্লি , ৮ জানুয়ারি : ১৬ থেকে ১৯ জানুয়ারি, ২০২৫ দিল্লির ইন্দিরা গান্ধী স্টেডিয়ামে শুরু হচ্ছে প্রথম খো খো বিশ্বকাপ। ভারতীয় সময় রাত ৮.৩০ টায় পুরুষদের টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে নেপালের মুখোমুখি হবে। ভারতের লিগ পর্ব শেষ হবে ১৬ জানুয়ারি, তারপরে ১৭ জানুয়ারি প্লে অফ শুরু হবে। পুরুষদের ফাইনাল ১৯ জানুয়ারি ভারতীয় সময় রাত ৮.১৫ মিনিটে অনুষ্ঠিত হবে।মহিলাদের উদ্বোধনী ম্যাচে ১৪ জানুয়ারি সকাল ১১.৪৫ টায়, ইংল্যান্ড অস্ট্রেলিয়া মুখোমুখি হবে। ভারতীয় দলের জন্য টুর্নামেন্টের প্রথম ম্যাচটি হবে দক্ষিণ কোরিয়ার বিরুদ্ধে ১৪ জানুয়ারি, সন্ধ্যা ৭টায়। ১৭ জানুয়ারি প্লে অফের পথ প্রশস্ত করে গ্রুপ পর্ব ১৬ জানুয়ারিতে শেষ হবে। মহিলাদের ফাইনাল ম্যাচটি ১৯ জানুয়ারি সন্ধ্যা ৭টায় হবে।পুরুষদের প্রতিযোগিতায় ২০টি দলকে ৪টি গ্রুপে ভাগ করা হয়েছে।গ্রুপ এ ভারত, নেপাল, পেরু, ব্রাজিল, ভুটান।গ্রুপ বিঃ দক্ষিণ আফ্রিকা, ঘানা, আর্জেন্টিনা, নেদারল্যান্ডস, ইরান।গ্রুপ সিঃ



বাংলাদেশ, শ্রীলঙ্কা, দক্ষিণ কোরিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র, পোল্যান্ড।গ্রুপ ডিঃ ইংল্যান্ড, জার্মানি, মালয়েশিয়া, অস্ট্রেলিয়া, কেনিয়া।মহিলাদের প্রতিযোগিতাটি ১৯টি দলকে ৪টি গ্রুপে ভাগ করা হয়েছে।গ্রুপ এঃ ভারত, ইরান, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া।গ্রুপ বিঃ ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, কেনিয়া, উগান্ডা, নেদার ল্যান্ডসগ্রুপ সিঃ নেপাল, ভুটান, শ্রীলঙ্কা, জার্মানি,বাংলাদেশগ্রুপ ডিঃ নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, পোল্যান্ড, পেরু, ইন্দোনেশিয়া।

বৃহস্পতিবার অ্যাথলিট হিমা দাসের জন্মদিন



নিয়োছেন ৫১.৪৬ সেকেন্ড। ২০১৮ জকার্তা এশিয়ান গেমসে মহিলাদের ৪০০ মিটারে রৌপ্য পদক এবং মহিলাদের ৪৫৪৪০০ মিটার মিশ্র রিলেতে স্বর্ণপদক জিতেছেন।এক স্থানীয় কোচ পরামর্শ দেন

অ্যাথলেটিকসে আসার জন্য। সেই শুরু আর পিছনে তাকাতো হয়নি হিমা'কে। এরপরই তিহা এক আন্তর্-জাতা প্রতিযোগিতায় ১০০ ও ২০০ মিটারের স্বর্ণপদক জিতে নেন। সেখানে তাকে যুব কল্যাণ অধিদপ্তরের অ্যাথলেটিক্সের কোচ নিপন দাস দেখতে পান। তিনি হিমার পিতাকে বোঝান যে হিমার অ্যাথলেটিকসে ভবিষ্য আছে এবং তিনি হিমা'কে তাঁর গ্রাম থেকে ১৪০ কিলোমিটার দূরে গুয়াহাটিতে স্থানান্তর করার করার কথা বলেন, যাতে হিমা অ্যাথলেটিকসে উন্নতি করতে পারে। কবেকের কথা হিমার বাবা রাজি হয়ে

যান।সারুজাই স্পোর্টস কমপ্লেক্সের কাছাকাছি একটি ভাডার বাসস্থানে হিমার থাকার ব্যবস্থা করে দেন তাঁর কোচ নিপন দাস এবং তিনি অবশেষে রাষ্ট্র অ্যাকাডেমিতে হিমা'কে ভর্তি নেওয়ার জন্য আরজি জানান। যেহেতু অ্যাকাডেমিতে শুধু বক্সিং এবং ফুটবল শেখানো হতো, অ্যাটলিটদের জন্য কোনও পৃথক উইং ছিল না। কিন্তু কর্মকর্তারা হিমার পারফরমেন্স দেখার পর তাঁকে ভর্তি নেন। কোচ নিপন দাস এর সহযোগিতায় এবং নিজের চেষ্টায় হিমা আজ ভারতের কৃতী অ্যাথলিট হতে পেরেছেন হিমা।

ওড়িশায় ১৮-তম প্রবাসী ভারতীয় দিবস সম্মেলন শুরু, অংশ নিচ্ছেন ৭৫টি দেশের ৬ হাজার এনআরআই



ভুবনেশ্বর, ৮ জানুয়ারি : ওড়িশার ভুবনেশ্বরে ১৮-তম প্রবাসী ভারতীয় দিবস সম্মেলন বুধবার সকালে শুরু হয়েছে। প্রায় ৭৫টি দেশের ৬ হাজারের বেশি প্রবাসী ভারতীয় সম্মেলনে অংশ নিচ্ছেন। ওড়িশা সরকার প্রতিনিধিদের সামনে রাজ্যের সমৃদ্ধ সংস্কৃতি এবং ঐতিহ্য তুলে ধরার চেষ্টা করেছে। প্রথম দিন সম্মেলনে অংশ নেবে ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি, বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়া প্রমুখ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। এই অনুষ্ঠানে বিস্তৃত ক্রিয়াকলাপ অন্তর্ভুক্ত থাকবে যা ভারতের উন্নয়ন এবং ভারতের বৈশ্বিক মর্যাদা গঠনে প্রবাসী ভারতীয়দের অবদানকে তুলে ধরে।

মানুষের মন জয় করেছে সেবাশ্রয়, ৬ দিনে চিকিৎসা সুবিধা পেয়েছেন ৮১ হাজার মানুষ



কলকাতা, ৮ জানুয়ারি : স্বাস্থ্য পরিষেবায় দৃষ্টান্ত স্থাপন করেছে ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্র। এটি মডেল কেন্দ্র হিসেবে পরিগণিত হয়েছে। সম্প্রতি এমনটিই দাবি করছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর উদ্যোগে গত ২ জানুয়ারি থেকে ডায়মন্ড হারবারে শুরু হয়েছে ‘ সেবাশ্রয় ’কর্মসূচি। বিনামূল্যে চিকিৎসার পাশাপাশি স্বাস্থ্য পরীক্ষা, ওষুধ প্রদান এবং গুরুতর অসুস্থদের হাসপাতালে স্থানান্তরের উদ্যোগ নেওয়া হয়েছে এই কর্মসূচির মাধ্যমে। জানা গিয়েছে, ছ’দিনে ইতিমধ্যেই ৮১ হাজার মানুষের কাছে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পৌঁছে দেওয়া হয়েছে।

কৃষকদের পাশে ছিলাম ও আছিঃমমতা বন্দ্যোপাধ্যায়



কলকাতা, ৮ জানুয়ারি :রাজ্য সরকার কৃষকদের পাশে ছিল এবং আছে, ফের একবার জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি, ‘ বাংলা শস্য বিমা’ প্রকল্পের আওতায় আমরা বাংলার ৯ লক্ষ কৃষককে সরাসরি তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টের মাধ্যমে ৩৫০ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান শুরু করলাম। চলতি খরিস মরসুমে প্রতিকূল আবহাওয়ার কারণে যে সকল কৃষকের চাষের ক্ষতি হয়েছিল, তাঁদের এই সহায়তা করা হচ্ছে। ফসলের বিমার জন্য কৃষকদের কোনও টাকাও দিতে হচ্ছে না। কারণ, আলু, আখ সহ সব ফসলের প্রিমিয়ামের পুরো টাকাই রাজ্য সরকার মেয়ামতা আরও জানিয়েছেন, এটা আমাদের গর্ব যে, ২০১৯ সালে চালু হওয়ার পর থেকে কেবলমাত্র ‘ বাংলা শস্য বিমা’ প্রকল্পেই আমাদের সরকার ১ কোটি ১২ লক্ষ ক্ষতিগ্রস্ত কৃষককে মোট ৩ হাজার ৫৬২ কোটি টাকা সহায়তা প্রদান করেছে। আমরা বরাবর বাংলার কৃষকদের পাশে ছিলাম, পাশে আছি, পাশে থাকবো।

ভগুমি ও নাটক এএপি-র ডিএনএ-তে আছেঃশিবরাজ সিং চৌহান

নয়াদিল্লি, ৮ জানুয়ারি : আম আদমি পার্টির ত্রি়র সমালোচনা করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা শিবরাজ সিং চৌহান। বুধবার এএপি-র সমালোচনা ক করে শিবরাজ সিং চৌহান বলেছেন, ভোঝো। এএপি-এর আসল ভণ্ডামি এবং নাটক এএপি-র

ডি এনএ-তে রয়েছে। তারা আগেও নাটক করেছিল, যে তাদের ঘরের দরকার নেই আর এখন ঘরের জন্য মারামারি করছে। জনতা এই নাটক খুব ভালো বোঝে। এএপি-এর আসল মুখোশ উন্মোচিত হয়েছে।

কুয়াশায় জনজীবন বিপর্যস্ত দিল্লিতে, কনকনে ঠান্ডায় কাঁপছে রাজধানী

নয়াদিল্লি, ৮ জানুয়ারি : কনকনে ঠান্ডায় কাঁপছে রাজধানী দিল্লি, প্রবল শীতের মধ্যেই বিগত কয়েকদিন ধরে কুয়াশার দাপটও বাড়ছে। বুধবারও কুয়াশার চাদরে আচ্ছন্ন থাকল জাতীয় রাজধানী দিল্লি। দিল্লির ইন্ডিয়া গেট, অক্ষরধাম প্রভৃতি এলাকায় দৃশ্যমানতা অনেকটাই কমে যায়। কুয়াশার কারণে দিল্লিতে এদিন সকালে বিগ্নিত হয়েছে ট্রেন পরিষেবা। নতুন দিল্লি রেল স্টেশন থেকে অনেক ট্রেন দেরিতে ছেড়েছে।ঘান কুয়াশা থাকলেও বুধবার সকালে দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড়ান পরিষেবা স্বাভাবিকই ছিল। সমস্ত বিমান স্বাভাবিক সময়ে গুঠানামা করছে।অন্যদিকে আগ্রাতে,অতি ঘন কুয়াশার জেরে তাজমহলের আগ্রায় শূন্যে নেমে গেল দৃশ্যমানতা। দৃশ্যমানতা তলানিতে পৌঁছে যাওয়ায় সকালের দিকে সমসার মধ্যে পড়েছেন গাড়ি চালকরা। অদৃশ্য হয়ে গিয়েছে তাজমহল। ঘন কুয়াশার কারণে এদিন সকালে দূর থেকে দেখাই যায়নি আগ্রার তাজমহলকে।বুধবার সকালে দিল্লি-উত্তর ভারতের বিভিন্ন রাজ্য ঘন কুয়াশায় আচ্ছন্ন ছিল। দিল্লি থেকে পঞ্জাব, হরিয়ানা থেকে জয়পুর – সর্বত্রই ঘন কুয়াশার কারণে জনজীবন বিপর্যস্ত হয়েছে। আগ্রায় দৃশ্যমানতা একেবারে শূন্যে নেমে যায়।অন্যদিকে মুম্বইতে বাণিজ্যনগরী মুম্বই বুধবার সকালেও খোয়াশার চাদরে আচ্ছন্ন থাকল। মুম্বইয়ের পরেল, প্রভাদেবী, মেরিন ড্রাইভ, বান্দ্রা প্রভৃতি এলাকা এদিন সকালে খোয়াশার কবলে ছিল, সামগ্রিক বাতাসের গুণগতমানও ছিল মন্দ পর্যায়ে।বিগত কয়েকদিনের মতো বুধবার মুম্বইয়ের বাতাসের গুণগতমানের উন্নতি হয়নি। সকাল থেকেই মুম্বইয়ের বিভিন্ন অংশ খোয়াশায় আচ্ছন্ন ছিল। বড়বড় বহুতল ঢেকে গিয়েছে খোয়াশায়।

দুরন্ত বার্তা

মানিক ভট্টাচার্যের মেডিক্যাল বিল, জেল সুপারকে ডেকে বৈঠক স্পিকারের

কলকাতা, ৮ জানুয়ারি : আবার তৃণমূলের এক বিধায়কের মেডিক্যাল বিল নিয়ে নতুন করে বিতর্ক দানা বেঁধেছে।নিয়োগ দুর্নীতিতে অভিজ্ঞত তৃণমূল বিধায়ক মানিক ভট্টাচার্য বহুদিন কারাবাসের পর সম্প্রতি জামিন পেয়েছেন। তাঁর মেডিক্যাল বিল জমা পড়া নিয়ে শুরু হয়েছে বিতর্ক। বিধানসভা সূত্রের খবর, সম্প্রতি তিনি কয়েকটি মেডিক্যাল বিল বিধানসভার টি এ-ডিএ সেকশনে জমা দেন। বিলগুলি প্রত্নিয়ে দেশখার পর একটি বিল নিয়ে গুপ্ত গুটো। তৎক্ষণা বিষয়টি জানানো হয় বিধানসভার সচিবালয়ে।বিষয়টির গুরুত্ব বিবেচনা করে তা স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের কাছে পাঠানো হয়। বিলটি খতিয়ে দেখার পর স্পিকার ডেকে পাঠান প্রেসিডেন্সি

আবহাওয়া

দেশের জাতীয় রাজধানী দিল্লির মতোই সকাল হল তিলোত্তম। কলকাতায়। বুধবার ভোরে কুয়াশার চাদরে মুখ ঢাকলে মনোহর-সহ শহরতলী। দৃশ্যমানতা তলানিতো। উত্তর ও দক্ষিণবঙ্গের একাধিক জেলা কুয়াশায় ঢাকা পড়ে এদিন। রবিবার দিনের আকাশ ভোরের দিকে কুয়াশাচ্ছন্ন ছিল। এদিন সবোঁচ এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৫ ডিগ্রি এবং ১৬ ডিগ্রির আশেপাশে থাকবে।হাওয়া অফিস সূত্রে জানা গেছে, মঙ্গলবার থেকে দক্ষিণবঙ্গে আগামী তিনদিনে বেশ কয়েক ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা বাড়তে পারে। উত্তরবঙ্গেও তাপমাত্রা কিছুটা বাড়তে পারে। তবে বুধবারের পর থেকে ফের শীত ফিরবে। আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গে কিছুটা মেঘলা আকাশ থাকতে পারে বলে জানা যাচ্ছে। আবহাওয়া দফতর সূত্রে। বৃষ্টির সম্ভাবনা রয়েছে উত্তরবঙ্গের কিছু জেলাতে।জোয়ার-সকাল ৭ টা ৫০ মিনিট এবং রাত ০৭টা ৫০ মিনিট। ভাটা-সকাল ৭ টা ৫০মিনিট এবং রাত ১ টা ৫০মিনিট। সূর্যঃউদয় সকাল ৬টা ০১মিনিট এবং অস্ত ৪টা ৫৭মিনিট

পূর্ণাঙ্গ পঞ্জিকা

২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ, বুধবার, ইংরেজীঃ৮ জানুয়ারী ২০২৫, ৫৩৮ চৈতমাস, কলিঃ৫১১৫, সৌরঃ২২৪ পৌষ, চান্দ্রঃ ৯ মাঘ মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাহু, ২৫৬৮ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২২৪ পৌষ ১৪৩১, ভারতীয় সিভিলঃ১৮ পৌষ ১৯৪৬, মৈতৈঃ৯ বাকচিৎ, আসামঃ ২৩ পুহ, মূলসিলঃ৮-রজব ১৪৪৬ হিজরী।সূর্য উদয়ঃসকাল ০৬ঃ২০ঃ ৫৪ এবং অস্তঃবিকাল ০৫ঃ০৫ঃ ২৪।চন্দ্র উদয়ঃসকাল ১২ঃ৪০ঃ ০৬(৮) এবং অস্তঃশেষ রাত্রিঃ ০১ঃ ৩৬ঃ৩২(৮)।শুক্র পক্ষ ।তিথিঃনবমী (রিত্তা) বিকাল ঘ ০২ঃ০৫ঃ১৭ দং ১৯২০৪২.৫ পর্যন্তশুক্রে।অশ্বিনী বিকাল ঘ ০৪ঃ৩৬ঃ২৯ দং ২৫৬৮৪২.৫ পর্যন্ত পরে ভগ্নীকরণঃ কৌলব বিকাল ঘ ০২ঃ০৫ঃ১৭ দং ১৯২০৪২.৫ পর্যন্ত পরে তৈতিলা রাত্রিঃ১২ঃ৫৫ঃ০৪ দং ৪৬২৪৪৭.৫ পর্যন্ত পরে গর যোগঃসিদ্ধ রাত্রিঃ ০৮ঃ৫২ঃ৪৭ দং ৩৬১৯২৭.৫ পর্যন্ত পরে সাধ্যঃঅমৃতযোগাদিনঃ ০৬ঃ২১ঃ ০০ থেকে - ০৭ঃ০৩ঃ৫৮ পর্যন্ত, তারপর ০৭ঃ৪৬ঃ৫৬ থেকে - ০৮ঃ ২৯ঃ৪৪ পর্যন্ত, তারপর ১০ঃ৩৮ঃ ৪৮ থেকে -১২ঃ৪৭ঃ৪২ পর্যন্ত এবং রাত্রি ০৫ঃ৫৭ঃ৩২ থেকে - ০৬ঃ ৫১ঃ৩৪ পর্যন্ত, তারপর ০৮ঃ৩৭ঃ ৩৮ থেকে - ০৬ঃ১১ঃ৫৪ পর্যন্ত।মহেস্ত্রঃযোগাদিনঃ ০৭ঃ০৩ঃ৫৮ থেকে - ০৩ঃ৩৯ঃ০৪ পর্যন্ত।কুলিকঃযোগাদিনঃ ১১ঃ২১ঃ৪৬ থেকে - ১২ঃ০৪ঃ৪৪ পর্যন্ত।কুলিকঃরাত্রিঃ ০২ঃ০৬ঃ৪২ থেকে - ১১ঃ১৬ঃ৪৪ পর্যন্ত।বারবেলাঃদিন ১১ঃ৪৩ঃ১৫ থেকে- ১১ঃ৫৩ঃ৪৯ পর্যন্ত।কালবেলাঃদিন ০৯ঃ০২ঃ০৭ থেকে - ১০ঃ২২ঃ২৭ পর্যন্ত।কালঃরাত্রিঃ ০৬ঃ০২ঃ০৭ থেকে - ০৪ঃ৪৪ঃ৩৪ পর্যন্ত।গ্রন্থঃকুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ৮২ঃ৮০ (২০) ৪ পদঃসূর্য ০২০৪৭১ (২) ৩ পদঃমঙ্গলঃ ৩৫৫২৩৩ (৮) ১ পদঃবুধঃ৮৫২২১২ (১৯) ২ পদঃবৃহস্পতিঃ১১৯৭১৫ (৪) ৩ পদঃশুক্রঃ১০১০৩৬৭ (২৪) ২ পদঃশনিঃ১০১৭৫৬১৩ (২৪) ২ পদঃপরাহঃ১১৯৯৩৩ (২৬) ২ পদঃকেতুঃ৫৯৯৩৩ (১২) ৪ পদঃমঙ্গলঃ বক্রঃবৃহস্পতিঃ বক্রঃ।রবিঃরাশি সকাল ০৬ঃ৪৬ঃ৪২ পর্যন্ত। মকর রাশিঃসকাল ০৮ঃ৩৫ঃ৩৬ পর্যন্ত।কুম্ভ রাশিঃসকাল ১০ঃ০৭ঃ০০ পর্যন্ত। মীন রাশিঃসকাল ১১ঃ৩৮ঃ০০ পর্যন্ত। মেঘ রাশিঃদুপুর ০১ঃ১৮ঃ৩৮ পর্যন্ত। বুধ রাশিঃদুপুর ০৩ঃ৫৭ঃ০০ পর্যন্ত। মেষ রাশিঃবিকাল ০৫ঃ৩০ঃ২০ পর্যন্ত। কর্কট রাশিঃবিকাল ০৭ঃ৪৬ঃ ০২ পর্যন্ত। সিংহ রাশিঃ রাত্রি ০৭ঃ২২ পর্যন্ত। কন্যা রাশিঃ রাত্রি ১২ঃ০৭ঃ৩৪ পর্যন্ত। তুলা রাশিঃ শেষ রাত্রি ০২ঃ২১ঃ৪৫ পর্যন্ত। বৃশ্চিক রাশিঃ শেষ রাত্রিঃ ০৪ঃ৩৭ঃ২৯ পর্যন্ত।

১৩, ১৪, ১৫ জানুয়ারি আন্দোলনের ডাক কলকাতা মেট্রোর মোটরম্যানদের

দূরন্ত বার্তা, কলকাতা, ৮ জানুয়ারি : বিভিন্ন নির্দিষ্ট প্রতিবাদে ১৩, ১৪, ১৫ জানুয়ারি বড় আন্দোলনের ডাক দিয়েছে কলকাতা মেট্রো রেলওয়ে মোটর মেনস ইউনিয়ন। তারা সেদিন থেকে ৭২ ঘণ্টা রিলে অনশন করতে পারেনা। সংবাদমাধ্যমে বুধবার এতখা জানিয়েছেন কলকাতা মেট্রো রেলওয়ে মেনস ইউনিয়নের সাধারণ সম্পাদক সৃজিত কুমার ঘোষ। চালক অর্থা ১ মোটরম্যান সফটে কলকাতা মেট্রো। কলকাতা মেট্রোয় শেষ মোটর ম্যান নিয়োগ হয়েছিল ২০১০ সালে। তারপর থেকে নানা পদ্ধতিগত জটিলতায় আটকে মোটরম্যান নিয়োগ। অভিযোগ, ১৫ বছর ধরে কলকাতা মেট্রো চালক কোনও চালক নিয়োগ হয়নি। এর প্রতিবাদে অনশনে যেতে পারে কর্মী ইউনিয়ন।

এই মুহূর্তে শুধুমাত্র ‘ব্লু লাইনে’ মোটরম্যান ঘাটিত ১৮০। বাকি লাইন অর্থাৎ পিঙ্ক ও অরেঞ্জ মিলিয়ে ঘাটিত আরও প্রকট। এখন ব্লু লাইনে মোি মোটরম্যান রয়েছেন ২১৬। দিনে ট্রেন চলে ২৮৮। ৮ ঘণ্টার বদলে ১০ – ১১ ঘণ্টা ধরে কাজ করানো হচ্ছে মোটরম্যানদের। ২০২৫ সালে ৩১ শে ডিসেম্বরের মধ্যে অবসর নেনেবন ২১ জন। তখন পরিস্থিতি শোচনীয় হয়ে উঠবে। দাবি কর্মী ইউনিয়নের। আগে পশ্চিম রেলে দুই ভাবে মোটর



করত সেটা হল এএলপি অর্থাৎ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট। পশ্চিম রেলে এটা নিয়ে ব্যাপক সমস্যা দানা বাঁধে। সিনিয়র জুনিয়র সমস্যা প্রকট হয়। ফলে ২০১২ সালে রেল বোর্ড গোটা দেশের সমস্ত রেল জোনে সরাসরি মোটর ম্যান নিয়োগ বন্ধ করে দেয়। এতেই মারাত্মক সমস্যায় পড়ে কলকাতা মেট্রো। কারণ এএলপি-দের সরাসরি যাত্রী বহনের ছাড়পত্র নেই। সার্ভিস লাইফের অন্ততঃ প্রথম ১ বছর এএলপি দের আগে পণ্যবাহী ট্রেন চালাতে হয়। পরে যাত্রীবাহী ট্রেন চালানো অনুমতি মেলে। এখানেই সমস্যায় পড়ে যায়

কলকাতা মেট্রো। কারণ মেট্রোয় পণ্য পরিবহনের কোনও প্রশ্নই নেই। আবার সরাসরি সিনিয়র লোকো পাইলট বা মোটরম্যান নিয়োগ বন্ধ। ফলে ২০১০ সালের পর থেকে আজকের তারিখ পর্যন্ত একজনও নতুন মোটরম্যান নিয়োগ হয়নি কলকাতা মেট্রোয়। এদিকে মেট্রোর পরিসর বেড়েছে। জেকো থেকে চালু হয়েছে পিঙ্ক লাইন। কবি সুভাষ থেকে রুবি পর্যন্ত চালু হয়েছে অরেঞ্জ লাইন। সেস্তর ফহিড থেকে শিয়ালদহ পর্যন্ত চালু হয়েছে গ্রিন লাইন। এসপ্ল্যানেড থেকে হাওড়া ময়দান পর্যন্ত চালু হয়েছে গ্রিন লাইন ২। ওই একই সংখ্যক মোটরম্যান দিয়ে গোটা পরিসেবা সামাল দিতে হচ্ছে কলকাতা মেট্রোকে। ওভার টাইম ডিউটি করতে হচ্ছে কলকাতা মেট্রো চালকদের। পরপর ছুটি বাতিল হয়ে যাচ্ছে। ইমারজেন্সি বা জরুরি কারণেও ছুটি মিলছে না। অনেকেই মানসিক অবসাদে ভুগছেন। তার ওপর প্ল্যাটফর্মে ট্রেন ঢোকার আগে তারা আতঙ্কিত। যখন তখন যে কোনও স্টেশনে মানুষ ঝাঁপ দিচ্ছে।এই চাপ অনেক মোটরম্যান আর নিতে পারছেন না। একই অবস্থা ট্রাক রক্ষকদের। তাদের গত সাড়ে ৬ বছর ধরে টানা নাইট ডিউটি করতে হচ্ছে। কারণ দিনের বেলা পরিসেবা চলাকালীন ট্রাক রক্ষনাবেক্ষণ সম্ভব নয়।

কলকাতা ও শহরতলীজুড়ে বিরাট শিশুপাচার চক্রের হদিশ

দূরন্ত বার্তা, কলকাতা, ৮ জানুয়ারি : কলকাতা ও শহরতলীজুড়ে বিরাট শিশুপাচার চক্রের হদিশ পাওয়া গেল বলে জানতে পারা গিয়েছে। মাস দুয়েক আগে শালিমার স্টেশন থেকে শিশু ক ন্যা - সহ দম্পত্তিকে গ্রেপ্তারের ঘটনা সকলর সামনে এসেছিল। গত সোমবার নাগেরবাজার এলাকা থেকে গ্রেপ্তার হল আরও এক দম্পতি। তাঁদের বিরুদ্ধে অভিযোগ, তারা পাচারকারীদের কাছ থেকে দু’মাসের শিশুকন্যাকে কিনেছেন। তাদের থেকে শিশুকন্যাটি উদ্ধার হয়েছে। তাকে প্রশাসনের তত্ত্বাবধানে রাখা হয়েছে। দম্পত্তিকে জেল হেফাজতে পাটিয়েছে আদালত। সিআইডি সূত্রে খবর, ধৃত দম্পতির নাম বিজয় ও নেহা সাঁওতালিয়া। তারা নাগেরবাজার থানা এলাকার বাশোর রোডের ধারে এক আবাসনের বাসিন্দা। বিজয় একটি বেসরকারি সংস্থায় কাজ করেন। তাদের সাত বছরের এক পুত্র সন্তান রয়েছে। কিছুদিন আগে নেহা গর্ভবতী হন। তবে শারীরিক সমস্যার কারণে তাঁর গর্ভপাত হয়। চিকিৎসকরা জানান, তিনি আর সন্তান জন্ম দিতে পারবেন না। কিন্তু দম্পতির কন্যা সন্তানের অভিভাবক হওয়ার ইচ্ছা ছিল। গত নভেম্বর মাসে সাতরাগাছি স্টেশনে এক শিশুকন্যা-সহ মালিক ও মুকুল হালদার নামে এক দম্পতিকে গ্রেপ্তার করে সিআইডি। তাদের জিজ্ঞাসাবাদ কর্তেই প্রথমে শিশুপাচার চক্রের হদিশ পান গোয়েন্দারা। শিশুটিকে পটনা থেকে কলকাতায় নিয়ে আসা হয়েছিল। বিক্রি করার হুক ছিল। ধৃত মালিক শিশু পাচারের জন্য ফেসবুকে একটি গ্রুপও খোলে বলে জানিয়েছে সিআইডি। দুজনকে জেরা করে পাওয়া তথ্যের ভিত্তিতে জোন্সাকে গ্রেপ্তার করা হয়। তাকে জেরা করেই নাগেরবাজারের এই দম্পতির খোঁজ পাওয়া যায়। সিআইডি দাবি করছে, জোন্সা জানিয়েছে নাগেরবাজারে দম্পত্তিকে শিশু বিক্রি করার তাদের মধ্যে মধ্যস্থতাকারী হিসাবে কাজ করে বিশাল। ৬ লক্ষ টাকার বিনিময়ে শিশুটিকে বিক্রি করা হয়।



১৬-ডিগ্রির ঘরে কলকাতার তাপমাত্রা, কনকনে ঠান্ডা উধাও

দূরন্ত বার্তা, কলকাতা, ৮ জানুয়ারি : পশ্চিমী ঝঞ্ঝার জন্য আটকে গিয়েছে উল্লেবে হাওয়া, আর তাই বুধবারও কলকাতায় স্বাভাবিকের উর্ধ্বেই তাপমাত্রা। এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.০ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২.১ ডিগ্রি বেশি। শীতের আমেজ থাকলেও, কনকনে ঠান্ডা আপাতত উধাও দক্ষিণবঙ্গে। অলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আগামী ২৪ ঘণ্টায় রাতের তাপমাত্রায় বিশেষ হেরফের হওয়ার সম্ভাবনা নেই। তবে তার পর থেকে তিন দিনে তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রি কমতে পারে। আগামী ১০ জানুয়ারি নতুন করে একটি পশ্চিম ঝঞ্ঝা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। তখন পারদ ফের উর্ধ্বমুখী হতে পারে।

গঙ্গাসাগর উপলক্ষ্যে প্রস্তুত কলকাতা পুলিশ, বাবুঘাটে পর্যাণ্ড ব্যবস্থা

দূরন্ত বার্তা, কলকাতা, ৮ জানুয়ারি : গঙ্গাসাগর মেলা উপলক্ষ্যে সকল পুণ্যপ্রার্থীদের নিরাপত্তা ও সহায়তার জন্য প্রস্তুত কলকাতা পুলিশ। কলকাতার বাবুঘাটে গঙ্গাসাগর মেলার ক্যাম্পে পর্যাণ্ড পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। সেখানে রয়েছে পুলিশের সহায়তা কেন্দ্র ও অন্যান্য জরুরি পরিষেবার ব্যবস্থা। একই সঙ্গে শিয়ালদহ ও কলকাতা স্টেশন সংলগ্ন ঘনিষ্ঠ বৃত্তের মাধ্যাকার এ লড়াই। মুখ্যমন্ত্রী প্রকাশ্যে অপদার্য ঠাঁওরেছিলেন এসপি, ডিএম দের। এবার কি প্রকাশ্যে ক্ষমা চহিবেন মাননীয়? প্রসঙ্গত, মালদায় তৃণমূল নেতা বাবলা (দুলাল) সরকার খুনে শহর তৃণমূল সভাপতি নরেন্দ্রনাথ তিওয়ারিকে গ্রেফতার করে পুলিশ। মঙ্গলবার দীর্ঘসময় জিজ্ঞাসাবাদের পর তাঁকে গ্রেফতার করা হয়েছে বলে প্রেস বিবৃতিতে জানিয়েছেন মালদার পুলিশ সুপার। সঙ্গে গ্রেফতার করা হয়েছে স্বপন শর্মা নামে তৃণমূলের আরেক নেতাকে। পুলিশ সূত্রে খবর, এই ঘটনায় ধৃত ৫ জনের বয়ানের ভিত্তিতে গ্রেফতার করা হয়েছে নরেন্দ্রনাথকে।

তৃণমূলের নেতা খুনে ধৃত মমতার ঘনিষ্ঠ তৃণ-নেতা, তোপ সুজনের

দূরন্ত বার্তা, কলকাতা, ৮ জানুয়ারি : তৃণমূলের নেতা খুনে ধৃত মমতার ঘনিষ্ঠ তৃণ-নেতা। বুধবার এই প্রেক্ষিতে তোপ দাগলেন সিপিএম নেতা সুজন চক্রবর্তী। সুজনবাবু এক্সবার্ভার্স লিখেছেন, মালদায় তৃণমূলের পুরনো নেতা বাবলা সরকার খুনের অভিযোগে ধৃত মমতার ঘনিষ্ঠ তৃণ-নেতা। ক্ষমতা, জমি, তোলাবাজী আর বেে আইনী সম্পদ লুটের জন্য মুখ্যমন্ত্রীর ঘনিষ্ঠ বৃত্তের মাধ্যকার এ লড়াই। মুখ্যমন্ত্রী প্রকাশ্যে অপদার্য ঠাঁওরেছিলেন এসপি, ডিএম দের। এবার কি প্রকাশ্যে ক্ষমা চহিবেন মাননীয়? প্রসঙ্গত, মালদায় তৃণমূল নেতা বাবলা (দুলাল) সরকার খুনে শহর তৃণমূল সভাপতি নরেন্দ্রনাথ তিওয়ারিকে গ্রেফতার করে পুলিশ। মঙ্গলবার দীর্ঘসময় জিজ্ঞাসাবাদের পর তাঁকে গ্রেফতার করা হয়েছে বলে প্রেস বিবৃতিতে জানিয়েছেন মালদার পুলিশ সুপার। সঙ্গে গ্রেফতার করা হয়েছে স্বপন শর্মা নামে তৃণমূলের আরেক নেতাকে। পুলিশ সূত্রে খবর, এই ঘটনায় ধৃত ৫ জনের বয়ানের ভিত্তিতে গ্রেফতার করা হয়েছে নরেন্দ্রনাথকে।

বারুইপুরের গ্রামে সরকারি উদ্যোগে চালু হলো প্রাথমিক বিদ্যালয়



দূরন্ত বার্তা, জয়নগর, ৮ জানুয়ারি : সরকারি উদ্যোগে বারুইপুরের গ্রামে চালু হলো এই প্রথম প্রাথমিক বিদ্যালয়। খুশি এলাকার অভিভাবকেরা। আশপাশের গ্রামে সরকারি প্রাথমিক বিদ্যালয় থাকলে ও এই গ্রামে ছিল না কোন স্কুল। এখানকার ছেলেমেয়েদের শিক্ষা ক্ষেত্রেও অনেক পিছিয়ে পড়তে হচ্ছিল। শিক্ষার বিকল্প কিছু নেই। সেই কথা মাথায় রেখে গ্রামে প্রথম চালু হলো প্রাইমারি স্কুল। যেভাবে রাজ্যজুড়ে একের পর এক প্রাথমিক স্কুল বন্ধের মুখে। তার মধ্যেই নতুন একটি সরকারি প্রাথমিক স্কুল শুরু হল বারুইপুরের নবগ্রাম পঞ্চায়েতের কমমপুরে। প্রশাসন যু্ত্রে খবর, ২০১৬ সালে স্কুলটি অনুমোদন পায়। ভবন তৈরির কাজও শুরু হয়ে যায়। তারপর নানা কারণে স্কুল শুরু হয়নি। অবশেষে নতুন বছরে চালু টি চালু হয়। চলতি শিক্ষাবর্ষে থেকেই স্কুলের পঠন পাঠন শুরু হয়ে যাবে। ইতিমধ্যেই বেশ কিছু পড়ুয়া ভর্তি হয়েছে বলে স্কুল সূত্রে জানা গিয়েছে। অন্যস্কুল থেকে একজন শিক্ষককে এনে আপাতত এই স্কুলের দায়িত্ব দেওয়া হয়েছে। শীঘ্র স্থায়ী শিক্ষক নিয়োগ করার কথা জানানো হয়েছে। চালু করে দেওয়া হয়ে মিত ডে মিলও। এব্যাপারে বারুইপুর পূর্ব বিধানসভার বিধায়ক বিভাস সরদার বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে শিক্ষা ক্ষেত্রে আমূল পরিবর্তন রয়েছে। শিক্ষা সমাজের মেরুদণ্ড। তাই ওই এলাকার একটি স্কুলের প্রয়োজন ছিলো। তাই এই স্কুল চালু হওয়ায় আমি খুশি।আর এই এলাকায় স্কুল চালু হওয়ায় খুশি স্থানীয় বাসিন্দারা।

জল সমস্যার সমাধানে হাওড়া পুরসভার স্ট্রিট ট্যাপ কল বসানোর উদ্যোগ



দূরন্ত বার্তা, হাওড়া, ৮ জানুয়ারি : জল সমস্যার সমাধানে ফের উদ্যোগী হলো হাওড়া পুরসভা। দক্ষিণ হাওড়ার ৪১নং ওয়ার্ডের বিবেকানন্দ পল্লী পরিদর্শন করে ওই এলাকায় বেশ কয়েকটি স্ট্রিট ট্যাপ কল বসানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এতে বারি সামনে থেকেই জল পাবেন এলাকার কয়েক হাজার মানুষ। পুরসভা সূত্রের খবর, আইনগত কিছু সমস্যার কারণে ওই

এলাকায় জলের সংযোগ দিতে সমস্যা ছিল। ফলে এলাকার বাসিন্দাদের জল অন্যতে হতো দূর থেকেই। বর্তমানে ওই এলাকায় কয়েকটি স্ট্রিট ট্যাপ জলের কল বসানোর উদ্যোগ নেওয়া হয়েছে পুরসভার তরফ থেকে। পুরসভার জল দপ্তর সেই কাজ শুরু করে জল সমস্যার সমাধান করা হবে। এই বিষয়ে হাওড়া পুরসভার ভাইস চেয়রম্যান সৈকত চৌধুরী বলেন,

খাঁচাবন্দি না হয়ে স্বেচ্ছায় মৈপীঠের লোকালয় থেকে আজমলমালির জঙ্গলে ফিরে গেল দক্ষি্ন রায়

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, কুলতলি, ৮ জানুয়ারি : কুলতলির মৈপীঠে দুর্দিন



ধরে লোকালয়ে থাকা বাঘকে বন্দি করার বনদপ্তর এর পক্ষ থেকে হাগল দিয়ে খাঁচা টোপ ব্যবহার করেও কোনো লাভ হলো না। দক্ষিণ রায় খাঁচা বন্দি না হয়ে স্বেচ্ছায় লোকালয় থেকে জঙ্গলে পাড়ি দিয়েছে বুধবার ভোরে। আর তাতেই কিছুটা হলেও স্বস্তিতে বন কর্মী থেকে শুরু করে গ্রামবাসীরা। সোমবার সকালে কুলতলির মৈপীঠের কিশোরী মোহনপুরের দক্ষি্ন বৈকুণ্ঠপুরের মাকড়ি নদীর চরে বাঘের পায়ের ছাপ দেখতে পায় এলাকার এক মৎসজীবী। এরপর থেকে বাঘের আতঙ্কে আতঙ্কিত হয়ে পড়ে গোটা

চলে আসে। এর পরে ডি এফ ও নিশা গোস্বামী ও এডি এফ ও অনুরাগ চৌধুরীর উপস্থিতিতে জঙ্গলের ঘনিদিক ঘিরে দেওয়া হয় লাইনলের জাল দিয়ে। এর পরে সারা দিন ধরে একাধিকবার চেষ্টা করেও বাঘকে জঙ্গলে ফেরানো যায় না। তাঁর পর এদিন সন্ধ্যায় বাঘ ধরতে ছাগলের টোপ দিয়ে খাঁচা বসানো হয়। এরপরে এদিন রাতে বাজি ফাটিয়ে আগুন জ্বালিয়ে ও বাঘকে জঙ্গলে ফেরানো যায় না। তবে বুধবার তোরের দক্ষি্ন রায় নিজে থেকেই জঙ্গলে ফিরে যায়। দক্ষিণ ২৪ পরগনা জেলার বন বিভাগের

শান্তিরবাজারে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার

শান্তিরবাজার, ৮ জানুয়ারি : রেল লাইনের পাশে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করা হয়েছে। ঘটনাটি ঘটেছে শান্তিরবাজার মহকুমার বীরচন্দ্রনগর এলাকার মহানন্দ বৈষ্ণব পায়ায়। মৃত ব্যক্তির নাম দীপল দেবনাথ। প্রাথমিকভাবে ধারণা রেলের ধাক্কায় মৃত্যু হয়েছে ওই ব্যক্তির। জানা গিয়েছে, গোমতি জেলার উদয়পুর মহকুমার রাজারবাগ এলাকার বাসিন্দা দীপল দেবনাথ। দক্ষিণ ত্রিপুরার শান্তিরবাজার মহকুমার বীরচন্দ্রনগর এলাকার মহানন্দ বৈষ্ণব পাড়ায় মেয়ের বাটীতে বেরোত আসেন। মহানন্দ বৈষ্ণব পাার রেলব্রিজ সংলগ্ন

এলাকায় তাঁর মেয়ের বাড়ী। বুধবার রেললাইনের পাশে আহত অবস্থায় তাঁকে পড়ে থাকতে দেখা যায়। আগরতলা থেকে সাত্রঙ্গামী রেলের ধাক্কায় এই দুর্ঘটনা ঘটেছে বলে ধারণা স্থানীয়দের। দীপল দেবনাথকে এইভাবে রেল লাইনের পাশে পড়চা থাকতে দেখে শান্তিরবাজারের দমকল বাহিনীকে খবর দেওয়া হয়। মহকুমার রাজারবাগ এলাকার বাসিন্দা দীপল দেবনাথকে মাকড়ি নদীর কম্বীরা দীপল দেবনাথকে ঘটনাস্থল থেকে উদ্ধার করে শান্তিরবাজারস্থিত দক্ষিণ জেলা হাসপাতালে নিয়ে আসে।

ভারতীয় রেলওয়ের অত্যাধুনিক ক্ষমতা সংযোজন প্রকল্পগুলিতে দূরদর্শী দূরদর্শিতার বাস্তবায়ন

কলকাতা, ০৮ জানুয়ারী ৫ বিলিয়ন ভারতীয়দের নামমাত্র খরচে দ্রুত, নিরাপদ এবং বিশ্বমানের ভ্রমণের অভিজ্ঞতা প্রদান করা সহজ কাজ নয়। কিন্তু ভারতীয় রেল ভৌগোলিক, সাংস্কৃতিক, সামাজিক ও অর্থনৈতিকভাবে বৈচিত্র্যময় ভারতে খাদ্য সরবরাহকারী একটি ভবিষ্যত প্রস্তুত সংস্থা হিসাবে নিজেকে রূপান্তরিত করে একটি মিশন মোডে এটি করছে। বাজেট বরাদ্দের সাথে তাল মিলিয়ে রেলওয়ে তার বাজেটের ৭৬ শতাংশ ব্যয় করেছে চলতি অর্থবছরের প্রথম নয় মাস এবং ৪ দিনে। ৫ জানুয়ারী, ২০২৫ পর্যন্ত ভারতীয় রেলওয়ের একটি সাম্প্রতিক ব্যয়ের প্রতিবেদন অনুসারে, ক্ষমতা বৃদ্ধিতে ভারী বিনিয়োগ করা হয়েছে, এটি একটি বাস্তবতা যা ভারতে রেল ভ্রমণকে একটি বিশ্বমানের অভিজ্ঞতা তৈরি করার লক্ষ্যে। গত এক দশক ধরে ধারাবাহিক মূলধন ব্যয়ের (ক্যাপেক্স) ফল ১৩৬টি বন্দে ভারত ট্রেনের আকারে দৃশ্যমান, প্রায় ৯৭ শতাংশ ব্রডগেজের বিদ্যুতায়ন, নতুন লাইন স্থাপন, গেজ রূপান্তর, ট্রাক দ্বিগুণ করা, ট্রাফিক সুবিধার কাজ, বিনিয়োগ। PSU একে মের্টোপলিটন পরিবহনে। এই মূলধন ব্যয় বিলিয়ন ভারতীয়দের নামমাত্র খরচে দ্রুত, নিরাপদ এবং বিশ্বমানের ভ্রমণ অভিজ্ঞতার দিকে পরিচালিত করেছে। বন্দে ভারত স্লিপার ট্রেনের গতি পরীক্ষা এবং নিরাপত্তা শস্যাপত্রের পর্যালোচনা, ভারতের রেল সড়ক যাত্রীরা খুব শীঘ্রই দীর্ঘ দূরত্বের ভ্রমণের জন্য বিশ্বমানের ভ্রমণের অভিজ্ঞতা নিতে প্রস্তুত। এটি সামগ্রিক ভ্রমণ অভিজ্ঞতায় বিপ্লব ঘটিবে। ভারতীয় রেলওয়ের এই রূপান্তরটি Viksit Bharat-এর দূরদর্শী



ভারতীয় রেল একটি নতুন, আধুনিক ও সংযুক্ত ভারত গড়তে রূপান্তরমূলক শাসনের একটি রূপকল্প বাস্তবায়ন করছে। এটি অবকাঠামো, প্রযুক্তি এবং টেকসই অনুশীলনে বিনিয়োগের মাধ্যমে একটি সর্ব-অন্তর্ভুক্ত ভারত গড়ে তোলার প্রচেষ্টার নেতৃত্ব দিচ্ছে। এইভাবে, ভারতীয় রেল নিশ্চিত করছে যে আজ বপন করা অগ্রগতির বীজ আমাদের ভবিষ্যত প্রজন্মের জন্য সেরা ফল বহন করে। ভারতের জটিলতার পরিপ্রেক্ষিতে, একটি সংস্থার জন্য বর্তমান লোড মেটানোর পাশাপাশি তার ভবিষ্যত তৈরিতে প্রস্তুত বিনিয়োগ করা সহজ কাজ নয়। কিন্তু এই ক্যালেন্ডার বছরের প্রথম চার দিনে ১১৯৮ কোটি মুদ্রার ব্যয়ের সাথে, ভারতীয় মামগ্রিক মূলধন ব্যয় প্রায় তিন মাস বাকি থাকতে ৭৬ শতাংশে দাঁড়িয়েছে।বাজেট অনুমান

লক্ষ্মীর ভান্ডার প্রাপকদের বিধবাভাতা, মমতার ক্ষমাপ্রার্থনা দাবি শুভেন্দুর

দূরন্ত বার্তা, কলকাতা, ৮ জানুয়ারি : লক্ষ্মীর ভান্ডার প্রাপকদের বিধবাভাতা দেওয়া সম্পর্কে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্তব্য নিয়ে তাঁর ক্ষমাপ্রার্থনা দাবি করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বুধবার শুভেন্দুবাবু এক্সবার্ভার্স লিখেছেন, মমতা ব্যানার্জী সদৃশদশখালিতে বলেছিলেন লক্ষ্মীর ভান্ডার প্রাপকদের বিধবাভাতা নিয়ে দৃষ্টিস্তা করতে হবে না। যেমন কথা তেমন কাজ! মুখ্যমন্ত্রীর বাণীকে ধ্রুব সত্য প্রমাণ করতে চিচিটা প্রশাসন ও ওনার দলীয় নেতৃত্ব মাঠে নেমে পড়েছেন। লক্ষ্মীর ভান্ডার প্রাপক সধবা গৃহবধূকে জোরপূর্বক

বিধবাভাতা পাইয়ে দেওয়ার ব্যবস্থা করে দিল নদীয়া জেলার শান্তিপুরের পঞ্চায়েত এবং বিভিন্ন অমু্যটক সেই কটামানি থেকে স্থানীয় তোলামূল নেতৃত্ব। জীতি মানুনের নামে তেথ সাটিফিকেট ইস্যু না হওয়া সত্বেও কি করে তার স্ত্রীর নামে বিধবা ভাতা চালু হয়ে গেলো তার তদন্ত হওয়া উচিত। এরকম আরও কত ঘটনা ঘটেছে রাজ্যে তার পূর্ণাঙ্গ তদন্ত চাই।আমি আগেও বলেছি মুখ্যমন্ত্রীর এই মন্তব্য অত্যন্ত কুরুকিপূর্ণ। আমি



বাংলার মা বোনদের মঙ্গল প্রার্থনা করি এবং আবারো দাবি করি এই লক্ষ্মীর ভান্ডার প্রাপকদের বিধবাভাতা সংক্রান্ত মন্তব্যের জন্য মাননীয় মুখ্যমন্ত্রী নিঃশর্ত ক্ষমা স্বীকার করুন মা বোনদের কাছে।

বাংলাদেশে হিন্দুদের শিয়রে সংক্রান্তির হুঁশিয়ারি তসলিমার



দূরন্ত বার্তা, কলকাতা, ৮ জানুয়ারি : বাংলাদেশে হিন্দুদের শিয়রে সংক্রান্তির হুঁশিয়ারি দিলেন নির্বাসিত লেখিকা তসলিমা নাসরিন। বুধবার বেলা ১০টায় এই পোস্টে লাইক, মন্তব্য ও শেয়ার হয়েছে যথাক্রমে ৮৭১, ২৪০ ও ১১০। তিনি মঙ্গলবার সামাজিক মাধ্যমে লিখেছেন, পশ্চিমবঙ্গের সংখ্যাগুরু হিন্দুরা, কান খুলে

শুনে নিন। কতদিন নিজদের আহার-নিদ্রা-মেধুন, আর সেই সঙ্গে সস্ত্রীতি ও বিশ্বশ্রেম, নিয়ে ব্যস্ত থাকবেন, বা থাকতে পারবেন, তা নিজেরাই ঠিক করে নিন। বাংলাদেশ থেকে সদ্যপ্রাপ্ত খবর অনুযায়ী, তাদের উপর নির্ধাতন বেড়েই চলেছে। হিন্দুরা, যারা পালাতে চাইছে না, তাদের উপর জিজিয়া কাচ চাপাবার কথা বাতাসে ভেসে বেড়াচ্ছে। স্কুল-কলেজের হিন্দু ছাত্রদের সন্তোষ হয়, তাদের আশ্মু ভারতে পলাইবে, এবার তোরো যা গিয়া। বর্তমানে ৫৭টা উগ্র মুসলিম গোষ্ঠী দেশটাকে চালাচ্ছে। এদের নিজদের মধ্যে প্রতিযোগিতা আছে, কিন্তু হিন্দু পেটোবার সময় সবাই এক। হিন্দু সরকারি কর্মচারী, স্কুল-কলেজের শিক্ষক ইত্যাদি সকলকে পাইকারি সেই ধান ধারনাটা তাদের মধ্যে নেই বলেই তারা। হিন্দুদের মধ্যে পৃথকীকরণের মতো একটি অঞ্চলে, যেখান শাসনের কাঠামো অত্যন্ত জটিল, সরকারকে উপরাজ্যপাল এবং কেন্দ্রের সাথে মিলেমিশে কাজ করতে হবে।

যারা সমালোচনা করে করুক উৎসব, খেলা মেলা চালিয়ে যাবো : পার্থ ভৌমিক

দূরন্ত বার্তা, নববাবারকপুর, ৮ জানুয়ারি : : অনেকে সমালোচনা করেন মুখ্যমন্ত্রী উৎসব খেলা মেলা নিয়ে পড়ে থাকেন। উৎসব করলে কত প্রান্তিক শ্রেণীর মানুষদের রুটি রুজির ব্যবস্থা হয়। সেই ধ্যান ধারনা যাদের নেই তারাই টিভির ঠান্ডা ঘরে বসে সমালোচনা করে থাকেন। মেলায় একটি লোক প্যাভেল করতে গিয়ে চারশ টাকা পায় আবার স্টলে লাইট লাগানো হয়ে গেলে পায় তিনশো টাকা। কত প্রান্তিক শ্রমিক নিযুক্ত থাকে। সেই ধ্যান ধারনাটা তাদের মধ্যে নেই বলেই তারা। হিন্দুদের মধ্যে পৃথকীকরণের মতো একটি অঞ্চলে, যেখান শাসনের কাঠামো অত্যন্ত জটিল, সরকারকে উপরাজ্যপাল এবং কেন্দ্রের সাথে মিলেমিশে কাজ করতে হবে।

